

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শৃঙ্খলা অধিশাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৫.১৯-৪৫৬

২৩ জুলাই ২০১৯
তারিখঃ
০৭.০৮.২০১৯

বিষয়ঃ ডাঃ মোঃ মুমিনুল হক, সিভিল সার্জন, নওগাঁ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক বিভাগীয় মামলা


অভিযোগনামা

যেহেতু, আপনি ডাঃ মোঃ মুমিনুল হক, সিভিল সার্জন, নওগাঁ “বাধন ইন্টারন্যাশনাল সার্ভিস লিমিটেড NGO এর সাথে যোগসাজসে জেলার বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে অবৈধভাবে ৯০(নব্বই) জন অফিস সহায়ক পদে জনবল নিয়োগের প্রক্রিয়ায় সহযোগিতা করেছেন”, যা কোনভাবেই আইনসম্মত নয়;

যেহেতু, আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে ২০১৮ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে অভিযুক্ত করা হল এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে এ বিষয়ে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হল। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হল।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হল।



(মোঃ আসাদুল ইসলাম)
সচিব

ডাঃ মোঃ মুমিনুল হক
সিভিল সার্জন, নওগাঁ।

নং-৪৫.০০.০০০০.১২২.২৭.০৭৫.১৯-৪৫৬/১(৭)
অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ


তারিখঃ ২০১৯

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্তের বর্তমান ও স্থায়ী ঠিকানায় যথাযথভাবে জারি করে জারীর প্রতিবেদন এ অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট চিকিৎসকের ব্যক্তিগত ফাইলে এন্ট্রিসহ প্রয়োজনীয় কার্যক্রম)
- ৫। সিভিল সার্জন, নওগাঁ।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। অফিস কপি।


মোঃ আবদুছ সালাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫০২৮
disc@hds.gov.bd

অভিযোগ বিবরণী

আপনি আপনি ডাঃ মোঃ মুমিনুল হক, সিভিল সার্জন, নওগাঁ “বাধন ইন্টারন্যাশনাল সার্ভিস লিমিটেড NGO এর সাথে যোগসাজসে জেলার বিভিন্ন কমিউনিটি ক্লিনিকে অবৈধভাবে ৯০(নব্বই) জন অফিস সহায়ক পদে জনবল নিয়োগের প্রক্রিয়ায় সহযোগিতা করেছেন”, যা কোনভাবেই আইনসম্মত নয়। আপনার উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক ‘অসদাচরণ’ হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে অভিযুক্ত হয়েছেন।


(মোঃ আসাদুল ইসলাম)
সচিব